তারিখ 2 1 AUG 2016
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৭ ...

যুগান্তর

# বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ছাত্র রাজনীতি চান না মালিকরা

## জঙ্গি ইস্যুতে মানারাতকে তলব

**যুগান্তর রিপোর্ট**

বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ছাত্র রাজনীতি অনুমোদন দেবেন না মালিকরা। যদি কোনো পক্ষ থেকে তা চাপিয়ে দেয়া হয়, তাহলে আগে শিক্ষার্থী ও অভিভবাকদের মতামত নিতে বলা হবে। শনিবার বেসরকারি বিশ্ববিদ্যালয় মালিক সমিতির এক বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। এতে আইন ডিগ্রির বিষয়ে হাইকোর্টের দেয়া নির্দেশনার পরিপ্রেক্ষিতে আইনি পদক্ষেপ নেয়ারও সিদ্ধান্ত হয়েছে।

সূত্র জানায়, বৈঠকে মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি কর্তৃপক্ষকে তলব করা হয়। গত সপ্তাহে এ বিশ্ববিদ্যালয়ের তিন ছাত্রী জঙ্গি হিসেবে গ্রেফতার হয়। বৈঠকে এ ব্যাপারে তাদের কাছে জানতে চাওয়া হয়। জবাবে মানারাত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়ছে, তাদের ক্যাম্পাসে কোনো জঙ্গি নেই। পরে এ বিষয়ে তাদের সতর্ক করা হয়।

এ বৈঠকে সভাপতিত্ব করেন মালিক সমিতির সভাপতি শেখ মো. কবির হোসেন। ফারইস্ট ইউনিভার্সিটিতে সমিতির অস্থায়ী কার্যালয়ে এ বৈঠকে কার্যনির্বাহী সদস্যসহ সাধারণ সদস্যরাও উপস্থিত ছিলেন।

এ প্রসঙ্গে শেখ কবির হোসেন শনিবার রাত ৯টার দিকে যুগান্তরকে জানান, সাধারণভাবে শিক্ষার্থী-অভিভাবকদের কেউই ছাত্র রাজনীতির পক্ষে নয়। তবে সরকার চাইলে না করতে পারব না। তিনি বলেন, আইন ডিগ্রির বিষয়ে হাইকোর্টের দেয়া নির্দেশনার ওপর আমরা পরবর্তী আইনি পদক্ষেপ নিতে চাই। এ বিষয়ে করণীয় নির্ধারণে ওয়ার্ল্ড ইউনিভার্সিটির ভিসি অধ্যাপক আবদুল মান্নান চৌধুরীকে প্রধান করে ছয় সদস্যের একটি কমিটি করে দেয়া হয়েছে। তাদের সুপারিশের আলোকে আমরা পরবর্তী পদক্ষেপ নেব।

বৈঠক সূত্র জানায়, রায়ের ওপর সমিতি আপিল করার সিদ্ধান্ত নিয়েছে। এ কমিটি সে বিষয়ে কর্মপন্থা নির্ধারণ করবে।

সম্প্রতি দারুল ইহসান বিশ্ববিদ্যালয় সংক্রান্ত এক মামলার রায়ে হাইকোর্ট আইন ডিগ্রির ওপর মোটা দাগে কয়েকটি নির্দেশনা দেন। সেগুলো হচ্ছে— কোনো বেসরকারি বিশ্ববিদ্যালয় বাংলাদেশ বার কাউন্সিলের (বিবিসি) দেয়া মেধা তালিকার বাইরে শিক্ষার্থী ভর্তি করতে পারবে না। প্রতি শিক্ষাবর্ষে ১শ' জনের বেশি শিক্ষার্থী ভর্তি করা যাবে না। দুই বছর মেয়াদি কোর্স চালানো যাবে না। যেসব বিশ্ববিদ্যালয়ে এলএলবি কোর্স আছে এবং যারা এ কোর্স চালু করতে চায়, তারা ১ সেপ্টেম্বরের মধ্যে 'ক্লিয়ারেন্স সার্টিফিকেট' নিতে বিবিসির ব্যাংক হিসাবে ১০ লাখ টাকা ফি জমা দিয়ে আবেদন করবে। আবেদনের সঙ্গে ১০ জন পূর্ণকালীন স্থায়ী শিক্ষকের জীবন বৃত্তান্ত ও শিক্ষাগত যোগ্যতা জমা দিতে হবে। বিবিসির দেয়া তালিকা থেকে শিক্ষার্থী ভর্তির পর ১ম বর্ষের শিক্ষার্থীদের তালিকা এবং তাদের অগ্রগতি সম্পর্কে জানার জন্য প্রত্যেক বছরের ৩০ অক্টোবরের মধ্যে বার কাউন্সিলে একটি রিপোর্ট পাঠাতে হবে। এছাড়া যেসব বিশ্ববিদ্যালয় ■ পৃষ্ঠা ১৬ : কলাম ৮

## বেসরকারি বিশ্ববিদ্যালয়ে

(৩য় পৃষ্ঠার পর)

পাঠ্যক্রমে 'ব্যাচেলর অব এক্সিকিউটিভ ল' (বিইএল) কোর্স পড়াবে, তাদের ক্ষেত্রে পূর্বানুমতির কোনো প্রয়োজন নেই। এক্ষেত্রে শিক্ষার্থীরা বিচার বিভাগীয় কর্মকর্তা বা আইনজীবী হবেন না এবং এ ধরনের ডিগ্রি অর্জনকারীরা সনদে এলএলবি শব্দ ব্যবহার করতে পারবেন না। এদিকে অবৈধ ও আউটার ক্যাম্পাস বন্ধে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) গণবিজ্ঞপ্তিকে স্বাগত জানানো হয়েছে বৈঠক থেকে। পাশাপাশি এসব ক্যাম্পাস বন্ধে ইউজিসিকে উদ্যোগ নেয়ার অনুরোধ করা হয়েছে।